10999 I-5015/13 ~~I-04944~~ (5005)

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000 Rs.5000

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL 159402

Admissible under rule 21 duly Stamped ... the Indian Stamp Act 1899 Corrected upto 1974 Schedule ... No. ...
Fees Paid ...
P. Fees Rs ...

Addl. Dist. Sub-Registrar
Sonarpore, South 24 Pgs

Deficit stamp duty of Rs 3400
is paid by Bank draft No. 244900
... From S. B. I. ...

থানা - সোনারপুর , মৌজা - এলাচি ,

১,০০,০০০, টাকা মূল্যের বিক্রয় কোবালা ,

জমি - ০২ দুই কাঠা মাত্র ।।-

~~~~~~~~~~~~~~~~~~~~~~~~~~~~~~~~~~~~

Seen 26/8/11

1419
~~~~~~~~~~~~~~~~~~~~~~~~~~~~~~~~~~~~

কোবালা গ্রহীতা : -
***************

শ্রী নির্মল সরকার , পিতা - শ্রী জীবন চন্দ্র সরকার , জাতি - হিন্দু , পেশা - ব্যবসা , সাং - সেকেণ্ড লেন , ২০ নং আনন্দশ্রী গড়িয়া, থানা - রিজেন্টপার্ক , কলকাতা - ৮৪ ।

কোবালা দাতা : -
*************

শ্রী অসিত কুমার সাহা , পিতা - শ্রী কালীচরণ সাহা , জাতি - হিন্দু , পেশা - ব্যবসা , সাং - রামচন্দ্রপুর , পো: - নরেন্দ্রপুর , থানা - সোনারপুর , কলকাতা - ১০৩ , হাল সাং - ৭০ নং পঞ্চানন দে রোড, পশ্চিম রাজাপুর , পো: - যাদবপুর ইউনিভারসিটি , থানা - যাদবপুর , কলকাতা - ৭০০০৩২ ।

**************

কস্য জমি জমা বিক্রয়ের শুভ নি:স্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল পত্র মিদং কার্য্যাঞ্চাগে : -

জেলা দক্ষিন ২৪ পরগণা , থানা ও এ্যা: ডি: সাব রেজিস্ট্রী অফিস সোনারপুর পরগণা - মাগুরা , যাহা রাজপুর - সোনারপুর পৌরসভার অন্তর্গত মৌজা - এলাচি গ্রামে হাল ২১ নং খতিয়ান ভুক্ত এল,আর ৮৯১ , ৪০০ , ৭৪০ , ৮৪৯ , ৪৮৪ , ৩১৬ নং খতিয়ান ভুক্ত হাল ৫৯ নং দাগ হইতে আগত এল,আর ৪৪ নং দাগে বাগান মায় বর্তমানে ডাঙ্গা ১০ শতক জমির মধ্যে অত্র দলিল সঙ্গীয় নকসায় লাল রং দ্বারা সীমারেখা চিহ্নীত ও পরিবেষ্টীত কমবেশী ০২ দুই কাঠা মাত্র জমি জমা অত্র দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে ।

উক্ত দাগ ও খতিয়ান ভুক্ত জমি জমা সাং - এলাচি ও নরেন্দ্রপুর গ্রাম নিবাসী বিহারী লাল নস্কর ও বিপিন নস্কর উভয়ের স্বত্ব দখলীয় সম্পত্তি থাকাবস্থায় উক্ত ---

বিহারী লাল নস্কর মহাশয় পরলোকগমন করিলে মৃত্যুকালে তিনি ৪ পুত্র যথা শ্রী সন্ন্যাসী নস্কর, শ্রী নিশিকান্ত নস্কর, শ্রী রতিকান্ত নস্কর ও শ্রী শ্রীকান্ত নস্কর মহাশয়গণকে লিগ্যাল ওয়ারিশ বিদ্যমান রাখিয়া যান। তৎপরে উক্ত বিপিন নস্কর মহাশয় পরলোকগমন করিলে মৃত্যুকালে তিনি ২ দুই পুত্র যথা শ্রী পালান নস্কর ও শ্রী ঝড়ু নস্কর মহাশয়দ্বয়কে লিগ্যাল ওয়ারিশ বিদ্যমান রাখিয়া যান।৷

সেমতে উহারা পিতার ওয়ারিশ সূত্রে উক্ত দাগের জমি জমা প্রাপ্ত হইয়া প্রাপ্ত জমি জমাতে এজমালে ভোগদখলীকার থাকাবস্থায় গত এল,আর সেটেলমেন্ট জরিপে উক্ত সকলের নাম বরাবর পৃথক, পৃথক খতিয়ান ধার্য্য হইয়া ফাইন্যাল পাবলিসড্ হয় এবং অংশ মোতাবেক জমি জমা প্রাপ্ত হয়েন।৷

সেমতে উহারা সকলে মিলীত ভাবে উক্ত দাগের জমি জমাতে এজমালে ভোগদখলীকার থাকাবস্থায় সকলে মিলীত ভাবে উক্ত ২১ নং খতিয়ান ভুক্ত হাল ৫৯ নং দাগে ১৩ শতক জমি জমা হইতে নিম্ন তপশীল বর্ণিত ০২ দুই কাঠা জমি জমা বিক্রয় করিবার ঘোষনা করিলে আমি অত্র দাতা তাহা বিগত ইংরাজী ২৭।০৫।২০০৫ সাল তারিখে সোনারপুর সাব রেজিস্ট্রী অফিসে সম্পাদিত এবং ০৮।০২।২০০৬ তারিখে রেজিস্ট্রীকৃত বুক নং - ১, ভল্যুম নং - ২২ এবং ১০৭ - ১৪৪ নং পাতায় রেকর্ড ভুক্ত করিয়া ১০৮০ নং বিক্রয় কোবালা দলিল মূলে সাং - এলাচি নরেন্দ্রপুর গ্রাম নিবাসী সন্ন্যাসী নস্কর, নিশিকান্ত নস্কর, শ্রী রতিকান্ত নস্কর, শ্রীকান্ত নস্কর, শ্রী পালান নস্কর, শ্রী ঝড়ু নস্কর মহাশয়গনের নিকট হইতে খরিদ সূত্রে প্রাপ্ত হইয়া প্রাপ্ত জমি জমাতে এযাবৎকাল ভোগদখলীকার আছি। যাহা আমি আমার খরিদাকৃত ০২ দুই কাঠা জমি জমা নগদ অর্থের প্রয়োজনে বিক্রয় করিলাম। উহাতে আমার বিক্রয় যোগ্য উত্তম স্বত্ব বিদ্যমান আছে ও হইতেছে।৷

এক্ষনে আমার নানাবিধ বৈধ ও সঙ্গত কারনে নগদ টাকার বিশেষ আবশ্যকে উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত জমি জমা বিক্রয় করার ঘোষনা করিলে আপনি তাহা খরিদ করিতে চাওয়ায় তৎসর্ব্বোচ্চ বাজার মূল্য বেলমোক্তা - ১,৩০,০০০, এক লক্ষ ত্রিশ হাজার - টাকা পোন গ্রহনে অত্র নিঃস্বত্ব সাফ, বিক্রয় কোবালা দলিল ----

আপনার নাম বরাবর লিখিয়া দিয়া এতদ্দ্বারা স্বীকার, অঙ্গীকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে, আপনি অদ্য হইতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলে কায়েম দখলীকার হইয়া মালিকান সরকারে আমার সাবেক বহতা নাম খারিজ দিয়া আপনার নিজ নামে নাম পত্তন করতঃ পুত্র, কন্যা, পৌত্রাদি ওয়ারিশানগণক্রমে দান, বিক্রয়, বন্ধকাদির দ্বারা সর্ব্ব প্রকার হস্তান্তর করন ক্ষমতায় ক্ষমতাবান হইয়া পরম সুখে ভোগদখল করিতে থাকুন। তাহাতে আমি বা আমার ওয়ারিশানগণক্রমে কোন প্রকার ওজর আপত্তি দাবি দাওয়া করিতে পারিব না বা করিব না করিলেও তাহা অগ্রাহ্য হইবেক।

প্রকাশ থাকে যে, বিক্রীত জমি জমাতে আমি ভিন্ন অন্য কোন সরিক বা অংশীদার নাই বা অন্য কোন স্থানে দান, বিক্রয়, বন্ধকাদির দ্বারা দায়-সংযোগ করিনাই বা কাহাকেও ভাগে ভাড়ায় বা লিজ্ দিই নাই বা ভেস্ট জমি নহে। সম্পূর্ন নির্দায়, নির্দোষ ও পরিস্কার অবস্থায় আপনাকে বিক্রয় করিলাম ও দখলদিলাম।

যদি ভবিষ্যতে আমার কৃত কার্য্যতায় আপনার খরিদা স্বত্ব দখলের কোন প্রকার ক্ষতি হয় তাহা হইলে সেই সমস্ত ক্ষতি পূরন করিতে বাধ্য রহিলাম। ভুল সংশোধন বা পরিপূরক দলিলের আবশ্যক হয় তাহা হইলে বিনা পনে সংশোধন দলিল করিয়া দিতে বাধ্য রহিলাম।

এতদ্দ্বার্থে স্বেচ্ছায় সুস্থ শরীরে স্থির ভাব বুদ্ধিতে থাকিয়া মূল্যের সম্পূর্ন টাকা বুঝিয়া পাইয়া অত্র দলিলে সহি সম্পাদন করিলাম।

ইতি তারিখ :- বাংলা ১৪১৪ সনের - ২৫ শে অগ্রহায়ণ

ইংরাজী ২০০৭ সালের - ১২ ই ডিসেম্বর

**- : তপশীলে বিক্রীত সম্পত্তির পরিচয় : -**

জেলা দক্ষিন ২৪ পরগণা, থানা ও এ্যাঃ ডিঃ সাব রেজিষ্ট্রী অফিস সোনারপুর এলাকাধীন পরগণা - মাগুরা মাহা রাজপুর - সোনারপুর পৌরসভার অন্তর্গত - মৌজা - এলাচি গ্রামে হাল রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে দক্ষিন ২৪ পরগণা কালেক্টার বাহাদুর মহাশয়ের অধিনে এক জমা ---

অসিত কুমার সাহা

ভুক্ত জমির মধ্যে ০২ দুই কাঠা জমির বার্ষিক হারাহারি খাজনা কমবেশী ১.০০ টাকা মাত্র। যাহার জে: এল: নং - ৭০ , রে: সা: নং - ২২৩ , তৌজি নং - ৩ , ৪ , ৫ ভুক্ত যাহার হাল খতিয়ান ২১ একুশ নং ভুক্ত এল,আর খতিয়ান - ৮৯১ , ৪৩০ , ৭৪৩ , ৮৯ , ৪৮৪ , ৩১৬ নং ভুক্ত । জমার বিক্রীত মূল্য - ১,৩০,০০০, টাকা মাত্র ।।-

হাল ৫৯ ঊনষাট ও এল,আর ৪৪ চুয়াল্লিশ নং দাগে বাগান যায় বর্তমানে ডাঙ্গা ১৩ তের শতক জমির মধ্যে অত্র দলিল সঙ্গীয় নকসায় লাল রং দ্বারা সীমারেখা চিহ্নীত ও পরিবেষ্টীত কমবেশী ০২ দুই কাঠা মাত্র জমি জমা অত্র দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে ।- অত্র দলিল সহ নকসা অত্র দলিলের একাংশ বলিয়া গন্য হইবেক ।-

টাকার জমা : -
**********

অদ্য তারিখে নোটে ও নগদে প্রাপ্ত অত্র দলিলে লিখিত মূল্য একুনে বুঝিয়া পাইলাম ।।-

অসিত কুমার সাহা

অত্র দলিল পাঠ করিয়া দাতা ও গ্রহীতাকে শুনাইলাম ও মর্ম্মে অবগত করাইলাম ।-

শ্রী তাপস কুমার ঘোষ
দলিল লেখক

মুসাবিদাকারক : -
*************
লাইসেন্স প্রাপ্ত দলিল লেখক ,
শ্রী তাপস কুমার ঘোষ
শ্রী তাপস কুমার ঘোষ ,
সাং - দ: গোবিন্দপুর ,
লাইসেন্স নং - ১৫।৪০ ,
************************


- : ইসাদি : -
********

১/ যাদব চক্রবর্তী
সাং গোবিন্দপুর

২। শ্রী তাপস কুমার ঘোষ
সোনারপুর

টাইপ কারক : -
Palash Das
সোনারপুর সাব রেজিষ্ট্রী অফিস ।-

দাখিলকারক ও দাতা



| | বৃদ্ধাঙ্গুল | তর্জ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| বামহাত | | | | | |
| ডানহাত | | | | | |



নাম ঃ অসিত কুমার সাহা ........ স্বাক্ষর ঃ অসিত কুমার সাহা ........

দাতা / গ্রহীতা



| | বৃদ্ধাঙ্গুল | তর্জ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| বামহাত | | | | | |
| ডানহাত | | | | | |



নাম ঃ Nirmal Sarkar ........ স্বাক্ষর ঃ Nirmal Sarkar ........

দাতা / গ্রহীতা

| | বৃদ্ধাঙ্গুল | তর্জ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| বামহাত | | | | | |
| ডানহাত | | | | | |

নাম ঃ ........ স্বাক্ষর ঃ ........

দাতা / গ্রহীতা

| | বৃদ্ধাঙ্গুল | তর্জ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| বামহাত | | | | | |
| ডানহাত | | | | | |

নাম ঃ ........ স্বাক্ষর ঃ ........

Government Of West Bengal

Office Of the A.D.S.R. SONARPUR

District:-South 24-Parganas

## Endorsement For Deed Number : I - 05015 of 2013

(Serial No. 10999 of 2007)

**On 12/12/2007**

**Payment of Fees:**

( Under Article : A(1) = 1419/- on 12/12/2007 )

**Deficit stamp duty**

Deficit stamp duty Rs. 3400/- is paid , by the draft number 244900, Draft Date 12/12/2007, Bank : State Bank Of India, Rajpur, received on 12/12/2007

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)**

Presented for registration at 12.29 hrs on :12/12/2007, at the Office of the A.D.S.R. SONARPUR by Asit Kumar Saha ,Executant.

**Admission of Execution(Under Section 58,W.B.Registration Rules,1962)**

Execution is admitted on 12/12/2007 by

1. Asit Kumar Saha, son of Kali Charan Saha , 70panchanan Dey Road, Paschim Rajpur, Thana:-Jadavpur, P.O. :-Jadavpur Univercity ,District:-Kolkata, WEST BENGAL, India, Pin :-700032, By Caste Hindu, By Profession : Business

   Identified By Apu Ghosh, son of Lt Amarendra Nath Ghosh, Dakshin Gobindapur, District:-South 24-Parganas, WEST BENGAL, India, , By Caste: Hindu, By Profession: Business.

( Utpal Kumar Chakrabarty )
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR

**On 13/09/2012**

**Certificate of Market Value(WB PUVI rules of 2001)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs.-3,00,000/-

Certified that the required stamp duty of this document is Rs.- 18010 /- and the Stamp duty paid as: Impresive Rs.- 5000/-

( Biswajit Dey )
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR

**On 29/04/2013**

**Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 23, 4 of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs.10/-

**Deficit stamp duty**

Deficit stamp duty Rs. 9620/- is paid , by the draft number 125378, Draft Date 17/04/2013, Bank : State Bank Of India, SONARPUR, received on 29/04/2013

( Biswajit Dey )
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR

Government Of West Bengal
Office Of the A.D.S.R. SONARPUR
District:-South 24-Parganas

## Endorsement For Deed Number : I - 05015 of 2013
(Serial No. 10999 of 2007)

**Payment of Fees:**

Amount By Cash

Rs. 1877.00/-, on 29/04/2013

( Under Article : A(1) = 1870/- ,E = 7/- on 29/04/2013 )

( Biswajit Dey )
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR


( Biswajit Dey )
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR

SITE PLAN SHOWING THE LAN

AT MOUZA- ELACHI, J.L. NO.-70.

P.S. SONARPUR. DIST.- 24PGS.(S.) UND

AREA OF LAND COLOUR IN RED BORDER SCALE- 1":25'




Traced by:-
Bishnupada Chakraborty
Surveyor Sonarpur
Dt. 12/12/07.